Hackney

# এডুকেশন অ্যান্ড ইন্সপেকশন অ্যাক্ট 2006-এর s15-এর আওতায় দ্য বঁভুয়া প্রাইমারি স্কুল বন্ধ করার সম্পূর্ণ সংবিধিবদ্ধ প্রস্তাব

**1. যোগাযোগ করার বিশদ (প্রস্তাবকারীর নাম এবং ঠিকানা):**
হ্যাকনি কাউন্সিল
Hackney Service Centre 1 Hillman Street
London
E8 1DY
টেলিফোন: 020 8356 3000
ইমেইল: schoolsufficiency@hackney.gov.uk

**1a. যে স্কুলটি বন্ধ করার প্রস্তাব করা হয়েছে তার নাম, ঠিকানা এবং শ্রেণীবিভাগ:**
দ্য বঁভুয়া প্রাইমারি স্কুল (কমিউনিটি স্কুল)।
80 Tottenham Rd, London, N1 4BZ
টেলিফোন: 020 7254 2517
ইমেইল: admin@debeauvoir.hackney.sch.uk

**2. বাস্তবায়ন**
31শে অগাস্ট 2024 তারিখে দ্য বঁভুয়া প্রাইমারি স্কুল বন্ধ হবে।

**3. বন্ধ করে দেওয়ার কারণ**
সাত বছর ব্যাপী অভূতপূর্ব বৃদ্ধির পরে হ্যাকনি প্রাইমারি স্কুলগুলিতে রিসেপশন ক্লাসে প্রাথমিক বয়সের শিশুদের যোগদানের সংখ্যা 2014/15 সালে শীর্ষে ছিল। তারপর থেকে ধারাবাহিকভাবে এর সংখ্যা কমে যাচ্ছে। সমগ্র লন্ডন শহরেই এই প্রবণতা লক্ষ্য করা গিয়েছে। ইনার লন্ডন বরোগুলিতে এর সবচেয়ে বেশি প্রভাব দেখা গিয়েছে। আমাদের কাছে যে তথ্য আছে তার ভিত্তিতে বলা যায় যে রিসেপশন ক্লাসগুলিতে যোগদানকারী শিক্ষার্থীদের সংখ্যা অদূর ভবিষ্যতে উল্লেখযোগ্যভাবে বাড়বে বলে মনে হয় না।

স্কুলগুলিতে অর্থায়ন করার প্রাথমিক ভিত্তি হল শিক্ষার্থীদের সংখ্যা। এই সংখ্যা কমে গেলে সমগ্র বরো ব্যাপী শিক্ষা প্রদানের জন্য প্রাপ্ত অর্থায়নও কমে যাবে। প্রাইমারি স্কুলগুলিতে শিক্ষার্থীদের সংখ্যা কমে গেলেও স্কুলগুলির সংখ্যা একই থাকছে। সুতরাং, সবগুলি স্কুলেরই কার্যত আর্থিক সংস্থান কমে যাচ্ছে। এর কারণ হল অনেক ধরণের ব্যয় স্কুলের ক্লাসের সংখ্যার উপরে নির্ভর করে, আবার অন্যদিকে অর্থায়নের পরিমাণ নির্ভর করে শিক্ষার্থীদের সংখ্যার উপরে।

কাউন্সিলটির সংবিধিবদ্ধ দায়িত্ব আছে যে স্কুলগুলিতে শিক্ষার্থীদের জন্য আসন সংখ্যা পর্যাপ্ত থাকা নিশ্চিত করা এবং কার্যকরভাবে সেইগুলির পরিকল্পনা করা। রিসেপশন ক্লাসগুলিতে উদ্‌বৃত্ত আসন থাকার বিষয়টিতে কাউন্সিল নজর রাখে। এটি হল চাহিদার একটি প্রধান পরিমাপ। কাউন্সিলের লক্ষ্য থাকে সমগ্র হ্যাকনি ব্যাপী প্রাইমারি স্কুলগুলিতে 5-10% অতিরিক্ত আসন সংখ্যা বজায় রাখা।

2019 থেকে 2023 সালের মধ্যে সমগ্র হ্যাকনির স্কুলগুলিতে রিসেপশন ক্লাসগুলিতে 375 টি আসন সংখ্যা কম করা হয়েছে। তবুও অনুমান করা হচ্ছে যে উদ্‌বৃত্ত আসন সংখ্যা 2023/24 সালের 19% থেকে বেড়ে গিয়ে 2025/26 সালে 23% হবে। অনুমান করা হচ্ছে যে তার পরবর্তী সময়ে এই উদ্‌বৃত্ত থাকা ধীরে ধীরে কমে অনুমানের সময়কাল 2031/32 সালে শেষে এসে 20%-এ স্থির হবে।

শিক্ষার্থীদের সংখ্যা কমে যাওয়ার পাশাপাশি কেন্দ্রীয় সরকারের অর্থায়নও কমতে থাকবে। এর অর্থ হল আমাদের অনেকগুলি স্কুল গুরুতর আর্থিক সমস্যার মুখোমুখি হবে। উদ্‌বৃত্ত আসন সংখ্যা বজায় রেখেও আমরা যদি স্কুলগুলিকে চালু রাখি, তাহলে স্কুলগুলি তীব্র আর্থিক সংকটে পড়বে, যার অর্থ হবে হঠাতই অপরিকল্পিতভাবে স্কুলগুলি বন্ধ হয়ে যাবে অথবা পরিবর্তিত হবে। হ্যাকনির রক্ষণাবেক্ষণ করা প্রাইমারি স্কুলগুলির দুই-তৃতীয়াংশেরও বেশি 2023/24 আর্থিক বছরের শেষে এক বছরে বেশি ব্যয়ের জন্য বাজেট প্রস্তুত করেছে। শিক্ষার্থীদের সংখ্যা কমতে থাকার সঙ্গে এই প্রবণতা অব্যাহত থাকবে বলে আশংকা করা হচ্ছে।

শিক্ষার্থীদের সংখ্যা কমার সঙ্গে পাল্লা দিয়ে অর্থায়ন কমে যাওয়ার ফলে দ্য বঁভুয়া প্রাইমারি স্কুল গুরুতরভাবে প্রভাবিত হয়েছে। 2022/23 আর্থিক বছরের শেষে £1,40,418 উদ্‌বৃত্ত ছিল বলে স্কুলটি জানিয়েছে। কিন্তু 2023/24 এর শেষে স্কুলটি £128,830 ঘাটতি থাকার পূর্বাভাস দিয়েছে। এর অর্থ হল কেবল বর্তমান আর্থিক বছরে স্কুলটি £269,248 অতিরিক্ত ব্যয়ের অনুমান করেছে।

বিভাগ 4-এর সারণীটি মে 2023 সালের আদমশুমারিতে প্রতিটি বয়সের গ্রুপে খালি থাকা আসন সংখ্যা দেখাচ্ছে।

### 4. শিক্ষার্থীর সংখ্যা এবং ভর্তি - যে সংখ্যার শিক্ষার্থীদের জন্য বর্তমানে ব্যবস্থা করা হয়েছে

দ্য বঁভুয়া প্রাইমারি স্কুল হল 3-11 বছর বয়সী শিক্ষার্থীদের জন্য কমিউনিটি পরিচালিত একটি স্কুল। প্রতিটি বয়সের গ্রুপে স্কুলটির পাবলিশড অ্যাডমিশন নাম্বার (PAN) হল 30টি, যা সেপ্টেম্বর 2019-এ প্রতিটি বয়সের গ্রুপের 60টি থেকে কমে গিয়েছে।

**দ্য বঁভুয়া প্রাইমারি স্কুল – খালি থাকা আসন সংখ্যা (2023 সালের মে মাসের আদমশুমারি)**

| | রেকর্ড | Y1 | Y2 | Y3 | Y4 | Y5 | Y6 | TTL |
|---|---|---|---|---|---|---|---|---|
| PAN 2022/23 | 30 | 30 | 30 | 30 | 60 | 60 | 60 | 300 |
| রোল (May 23) | 12 | 14 | 14 | 16 | 11 | 17 | 26 | 110 |
| পূরণ না হওয়া কোনও আসন নেই | 18 | 16 | 16 | 14 | 49 | 43 | 34 | 190 |
| পূরণ না হওয়া আসনের % | 60% | 53% | 53% | 47% | 82% | 72% | 57% | 63% |

2023 সালের মে মাসে দ্য বঁভুয়া প্রাইমারি স্কুলের নার্সারিতে জন শিশু ছিল। এদের মধ্যে 10 জন বালিকা এবং 5 জন বালক ছিল।

দ্য বঁভুয়া প্রাইমারি স্কুলের শিশুদের SEND বৈশিষ্ট্যগুলি নিচের বিভাগে অন্তর্ভুক্ত করা হয়েছে।

### 5. স্থানচ্যুত শিক্ষার্থীরা

বর্তমানে যে শিক্ষার্থীরা দ্য বঁভুয়া প্রাইমারি স্কুলে পড়ছে আমরা তাদেরকে তাদের বাড়ির কাছাকাছি কোনও একটি প্রাইমারি স্কুলে ভর্তির প্রস্তাব দেব। সেই স্কুলগুলিকে অফস্টেড "ভাল" অথবা "অসামান্য" হিসাবে চিহ্নিত করেছে। যেখানে সম্ভব হবে আমরা একটি শিশুকে তার পিতা-মাতার পছন্দের কোনও স্কুলে ভর্তি করব। তাদের সন্তানদের উপযুক্ত স্কুলে ভর্তি করা নিশ্চিত করতে পরিবারগুলিকে ওয়ান-টু-ওয়ান সহায়তা দেওয়া হবে। এই সহায়তার মধ্যে থাকবে কাছাকাছি কোনও স্কুলে ভর্তি করাকে অগ্রাধিকার দেওয়া।

দ্য বঁভুয়া প্রাইমারি স্কুলের রিপোর্ট করা (2023 সালের সেপ্টেম্বর মাসে) শিক্ষার্থীদের সংখ্যা নিচে দেওয়া হয়েছে। মনে করা হচ্ছে যে শিক্ষার্থীদের সংখ্যার পরিবর্তন হবে; এখন এবং ক্যাবিনেটের চূড়ান্ত সিদ্ধান্তের মধ্যের সময়কালে সংখ্যা কমতে পারে, এবং প্রস্তাবগুলি নিয়ে অগ্রসর হওয়ার জন্য ক্যাবিনেটের সিদ্ধান্তের পরে বাস্তবায়নের সময়কালেও সংখ্যা কমে যেতে পারে।

| স্কুল | R | 1 | 2 | 3 | 4 | 5 | 6 | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|
| দ্য বঁভুয়া প্রাইমারি স্কুল | 6 | 7 | 8 | 8 | 10 | 10 | 17 | 66 |

2022 সালের অক্টোবর মাসে হ্যাকনি প্রাইমারি স্কুলগুলিতে সব বয়সের গ্রুপে 4,685টি আসন খালি ছিল। দ্য বঁভুয়া প্রাইমারি স্কুলের নিকটতম স্কুলগুলিতে খালি থাকা আসনের বিশ্লেষণ করে দেখা যাচ্ছে যে সেগুলিতে হ্যাকনি এলাকার মধ্যের প্রভাবিত সমস্ত শিক্ষার্থীদের ভর্তি করার মতো আসন সংখ্যা আছে। ক্যাবিনেটের 25শে সেপ্টেম্বরের প্রতিবেদনে আরও বিশদ বিবরণ এবং বিশ্লেষণ পাওয়া যাবে।

দ্য বঁভুয়া প্রাইমারি স্কুলের শিক্ষার্থীদের পোস্টকোড অনুযায়ী ম্যাপিং করে দেখা যাচ্ছে যে তারা হ্যাকনির ভিতরে এবং বাইরে বিস্তৃত এলাকায় বসবাস করে। এর অর্থ হল যে পরিবারগুলির জন্য তাদের বাড়ির সংবিধিবদ্ধ হাঁটা পথের দূরত্বের মধ্যে বেশ কয়েকটি বিকল্প স্কুল থাকার সম্ভাবনা রয়েছে (অর্থাৎ আট বছরের কম বয়সী শিশুদের জন্য দুই মাইল, 8-16 বছর বয়সী শিক্ষার্থীদের জন্য তিন মাইল)। হ্যাকনি এবং আশেপাশের এলাকায় প্রস্তাবিত স্কুলগুলি বন্ধ করে দেওয়ার পরে প্রতিটি বয়সের গ্রুপের ম্যাপিং থেকে দেখা যাচ্ছে যে শিশুদের বিকল্প যে আসন সংখ্যার প্রয়োজন হবে সেগুলি ক্যাবিনেটের 25শে সেপ্টেম্বরের প্রতিবেদনে দেওয়া হয়েছে।

**Hackney**

নার্সারি ক্লাসের শিশুদের জন্য পর্যাপ্ত বিকল্প আসন রয়েছে। 2023 সালের স্প্রিংয়ের (বসন্তকালের) আদমশুমারির তথ্যের ভিত্তিতে চারটি নিকটতম স্কুলে নার্সারিতে খালি আসনগুলির আনুমানিক সংখ্যা নিচের সারণীটিতে দেখা যাচ্ছে।

| স্কুল | নার্সারি ক্লাসের শিশুরা | নিকটতম চারটি স্কুলে খালি থাকা আসন সংখ্যা |
|---|---|---|
| দ্য বঁভুয়া প্রাইমারি স্কুল | 15 | 40 |

শিক্ষার্থীদের জন্য কোনও অন্তর্বর্তীকালীন ব্যবস্থার প্রয়োজন নেই।

### 6. কমিউনিটির উপরে প্রভাব

দ্য বঁভুয়া প্রাইমারি স্কুল বন্ধ করে দিলে এই বরোতে প্রাইমারি স্কুলের উদ্‌বৃত্ত আসন সংখ্যা কমে যাবে।

কাউন্সিল মনে করে যে কোনও পদক্ষেপ গ্রহণ না করে 20%-এর বেশি উদ্‌বৃত্ত আসন সংখ্যা থাকতে দিলে হ্যাকনির অনেক স্কুলের আর্থিক সামর্থ্যকে সরাসরি এবং নেতিবাচকভাবে প্রভাবিত করবে। এই পরিস্থিতির ফলে সেই স্কুলগুলিতে শিক্ষার মান এবং বিস্তৃতির উপর প্রভাব ফেলবে।

### 7. রুর‍্যাল এলাকার প্রাইমারি স্কুল

প্রযোজ্য নয়।

### 8. সাম্প্রদায়িক বিধানের ভারসাম্য

প্রযোজ্য নয়।

### 9. রক্ষণাবেক্ষণ করা হয় এমন নার্সারি স্কুল

প্রযোজ্য নয় - দ্য বঁভুয়া প্রাইমারি স্কুল একটি পরিচালনাধীন নার্সারি স্কুল নয়। দ্য বঁভুয়া প্রাইমারি স্কুলে বর্তমানে নার্সারির সুবিধা পাওয়া যায়। যে পিতা-মাতারা এই সুবিধা নিচ্ছেন তারা স্থানীয়ভাবে বিকল্প ব্যবস্থার সুবিধা পাবেন। পিতা-মাতাদের জন্য তথ্য ও পরামর্শ এখানে পাওয়া যাবে:
https://education.hackney.gov.uk/section/childcare-family-support-and-childrens-centres

### 10. সিক্সথ ফর্ম প্রভিশন

প্রযোজ্য নয়।

### 11. বিশেষ শিক্ষাগত ব্যবস্থার বিধি

দ্য বঁভুয়া প্রাইমারি স্কুলে বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য বিশেষভাবে কোনও বিশেষ আসন সংরক্ষণ করা নেই।

শিক্ষা, স্বাস্থ্য, পরিচর্যার পরিকল্পনা এবং SEN সহায়তার প্রয়োজন আছে এমন শিশুদের সংখ্যা ও শতাংশ (রিসেপশন থেকে 6 বছর পর্যন্ত) নিচে দেওয়া হয়েছে (2023 সালের মে মাসের ডেটা)।

| স্কুল | EHCPs-এ শিক্ষার্থীদের সংখ্যা | EHCPs-এ শিক্ষার্থীদের % | যে সংখ্যক শিক্ষার্থীদের SEN সহায়তার প্রয়োজন | SEN সহায়তা প্রাপ্ত শিক্ষার্থীদের % |
|---|---|---|---|---|
| দ্য বঁভুয়া | 10 | 9.1% | 28 | 25.5% |
| হ্যাকনি | 843 | 4.6% | 2,656 | 15.2% |
| ইংল্যান্ড | 1,16,661 | 2.5% | 6,08,827 | 13.5% |

**হ্যাকনি ও ইংল্যান্ড ডেটা, DfE SEND ন্যাশন্যাল স্ট্যাটিসটিকস, জুন 2023*

কাউন্সিল বুঝতে পারছে যে SEN সহায়তা প্রাপ্ত শিক্ষার্থীদের জন্য পরিবেশের পরিবর্তন করা প্রায়শই কঠিন কাজ হতে পারে। সফলভাবে একটি রূপান্তর নিশ্চিত করতে অতিরিক্ত সহায়তার প্রয়োজন হবে। কাউন্সিলের অফিসাররা ব্যবস্থা করছেন যাতে EHCPs সহায়তা প্রাপ্ত শিশুদের এবং SEN রেজিস্টারে থাকা শিশুদের যথাযথভাবে রাখা নিশ্চিত হয়েছে।

প্রস্তাব অনুসারে অগ্রসর হওয়ার সিদ্ধান্ত গ্রহণ করা হলে স্প্রিং টার্মে পিতা-মাতাদের তাদের বিকল্পগুলি বুঝতে সহায়তা করা হবে, এবং তাদের সন্তানদের জন্য তাদের পছন্দের বিকল্প স্কুলগুলি বেছে নিতে সহায়তা করা হবে। যে সমস্ত পরিবারগুলির শিশুদের EHCP আছে, তারা এই প্রস্তাবে প্রভাবিত হয়েছে। SEN টিম সরাসরি সহায়তার মাধ্যমে তাদের সন্তানদের অন্য স্কুলে ভর্তি করার প্রক্রিয়া বুঝিয়ে দেবে। SEN সহায়তা প্রাপ্ত শিশুদের পরিবারগুলিকে ওয়ান-টু-ওয়ান সহায়তা দেওয়া হবে যাতে তাদের সন্তানদের উপযুক্ত স্কুলে ভর্তি করা যায়। এই শিশুদের তাদের বাড়ির কাছাকাছি স্কুলগুলিতে আসন পাওয়ার ক্ষেত্রে অতিরিক্ত অগ্রাধিকার দেওয়া হবে।

এই প্রস্তাবের ফলে যে শিক্ষার্থীদের SEND (SEND সাপোর্ট এবং EHC প্ল্যান চিলড্রেন সহ) আছে তাদের স্থানান্তরে সহায়তা করার জন্য কাউন্সিল একটি তহবিল রাখার প্রস্তাব প্রস্তুত করছে।

SEND শিশুদের জন্য এবং বিশেষ করে দ্য বঁভুয়া প্রাইমারি স্কুলে হ্যাকনি স্কুলগুলির দেওয়া চমৎকার সহায়তাকে কাউন্সিল স্বীকৃতি দিচ্ছে। দুর্ভাগ্যবশত, শিক্ষার্থীদের সংখ্যা ক্রমশ কমে যেতে থাকায় স্কুলগুলির জন্য সহায়তা বজায় রাখা কঠিন হয়ে উঠবে। শিক্ষার্থীদের সংখ্যা কম থাকার ফলে আর্থিক অভিঘাত ক্রমেই বেড়ে যাবে। এর অর্থ হল, আগামী বছরগুলিতে, এই স্কুলগুলির পক্ষে কন্টিনজেন্সি তহবিল ব্যবহার না করে অথবা ঘাটতিতে না গিয়ে একই পর্যায়ের সহায়তা বজায় রাখা সম্ভব হবে না।

এই প্রস্তাবগুলির ফলে SEND শিক্ষার্থীদের ফলাফলের উন্নতি হতে পারে, কারণ তারা আর্থিকভাবে আরও কার্যকর এবং দীর্ঘমেয়াদী টেকসই স্কুলে চলে যাবে। এর অর্থ হল যে স্কুলটি EHCPs শিশুদের এবং SEN রেজিস্টারে থাকা শিশুদের সহায়তা করার জন্য অতিরিক্ত প্রয়োজনীয় সহায়তা এবং সংস্থানের ব্যবস্থা করতে পারবে। এডুকেশন সাফিসিয়েন্সি অ্যান্ড এস্টেটস স্ট্র্যাটেজির 1ম অগ্রাধিকারটি হল হ্যাকনিতে SEN সুবিধা বাড়ানো এবং নতুন ARP ডেলিভারির একটি কার্যক্রম চালু আছে।

**12. যাতায়াত**

দ্য বঁভুয়া প্রাইমারি স্কুলের সব শিক্ষার্থীকেই স্থানীয় স্কুলগুলিতে ভর্তি করা হবে। প্রত্যেক পিতা-মাতাই বিকল্প একটি স্কুল পছন্দ করতে পারবেন। তাই, যারা আগে দ্য বঁভুয়া প্রাইমারি স্কুলে পড়াশোনা করেছিল, তাদের মধ্যে কোনও কোনও পরিবারের জন্য স্কুলে যাওয়ার পথ দীর্ঘতর হতে পারে। প্রাইমারির বয়সী শিশুরা সংবিধিবদ্ধ হাঁটার দূরত্বের মধ্যের স্কুলগুলিতে ভর্তি হতে পারবে।

**13. উপস্থাপনা করার পদ্ধতি (আপত্তি এবং মন্তব্য)**

এই প্রস্তাবটি প্রকাশিত হওয়ার চার সপ্তাহের মধ্যে যে কোনও ব্যক্তি https://consultation.hackney.gov.uk/children-education/primary-schools-statutory-proposals ওয়েবসাইটটিতে গিয়ে, schoolsufficiency@hackney.gov.uk ঠিকানায় অথবা এখানে লিখিতভাবে প্রস্তাবটির প্রতিবাদ অথবা মন্তব্য করতে পারেন:

স্কুল সাফিসিয়েন্সি অ্যান্ড এস্টেটস টিম
হ্যাকনি কাউন্সিল
হ্যাকনি সার্ভিস সেন্টার
1 Hillman Street London
E8 1DY

প্রতিক্রিয়া গ্রহণের শেষ তারিখ হল 3রা নভেম্বর 2023 বিকাল 5pm।

এই নথিটি নিম্নলিখিত ভাষায় অনুবাদ করা হয়েছে: বাংলা, তুর্কি, পর্তুগিজ, স্লোভাক ও স্প্যানিশ। যে পরিবারগুলির অতিরিক্ত একটি ভাষা হল ইংরেজি তাদের প্রয়োজন পূরণ করা নিশ্চিত করতে এই ভাষাগুলির প্রয়োজন হবে। পরামর্শের সময়কালে প্রভাবিত স্কুলগুলি এইগুলি চিহ্নিত করেছে। অনুবাদ করা সংস্করণগুলি এখানে দেখা যাবে: https://consultation.hackney.gov.uk/children-education/primary-schools-statutory-proposals. এই নথিটি যদি আপনার জন্য অন্য কোনও ভাষায় অনুবাদ করার প্রয়োজন হয়, তাহলে অনুগ্রহ করে যত শীঘ্র সম্ভব ইমেইলের মাধ্যমে আমাদের সঙ্গে এখানে যোগাযোগ করুন: schoolsufficiency@hackney.gov.uk